

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৯৮

১/ বিবিধ

আরবী

أحبكم إلى الله تعالى أقلكم طعاماً، وأخفكم بدناً
ضعيف

الدليمي (1 / 1 / 86) عن حفص بن عمر الفقيه الزاهد: حدثنا أبو بكر ابن عياش عن
عباد عن عكرمة عن ابن عباس مرفوعاً. قلت: وهذا إسناد ضعيف، عباد هو ابن
منصور الناجي ضعيف مدلس. وحفص بن عمر الفقيه الزاهد لم أعرفه. وقد أبعده
المنائوي النجعة، فضعف الحديث بأبي بكر بن عياش، وهو ممن احتج به البخاري!
فقال: "ومن ثم رمز المؤلف لضعفه!" وهو خطأ مزدوج، فإن الحديث لا يدل بمن
احتج به البخاري، وبخاصة إذا كان شيخه ضعيفاً، ولا يجوز أن ينسب مثل هذا
الإعلال إلى مثل السيوطي! ثم أفاد أنه رواه الحاكم في "تاريخه"، ثم أخطأ مرة أخرى
فأطلق العزوللحاكم في "تيسيره"، فأوهم أنه في "مستدرکه

বাংলা

১৯৯৮। তোমাদের মধ্য থেকে আল্লাহর নিকট সর্বাপেক্ষা ভালোবাসার পাত্র হচ্ছে সেই তোমাদের যে কম ভক্ষণ করে এবং তোমাদের মধ্যে যে সর্বাপেক্ষা হালকা শরীরের অধিকারী।

হাদীসটি দুর্বল।

এটিকে দাইলামী (১/১/৮৬) হাফস ইবনু উমার ফাকীহ আযযাহেদ হতে, তিনি আবু বাকর ইবনু আইয়্যাশ হতে, তিনি আব্বাদ হতে, তিনি ইকরিমাহ হতে, তিনি আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। আব্বাদ হচ্ছেন ইবনু মানসূর নাজী, তিনি দুর্বল এবং মুদাল্লিস।

আর হাফস ইবনু উমার ফাকীহ আযযাহেদকে আমি চিনি না।

মানবী হাদিসটিকে আবু বকর ইবনু আইয়্যাশ দ্বারা দুর্বল আখ্যা দিয়ে এক অশুদ্ধ দূরবর্তী কথা বলেছেন। অথচ ইমাম বুখারী তার দ্বারা দলীল গ্রহণ করেছেন। তিনি (মানবী) বলেনঃ এ কারণেই মুসান্নিফ হাদীসটি দুর্বল হওয়ার চিহ্ন ব্যবহার করেছেন। এটি ডবল ভুল। কারণ যার দ্বারা ইমাম বুখারী দলীল গ্রহণ করেছেন তার দ্বারা হাদীসটির সমস্যা বর্ণনা করা যায় না। আর দ্বিতীয় ভুলটি এই যে, তিনি তার “আততাইসীর” গ্রন্থে হাকিমের উদ্ধৃতি দিয়েছেন। যা থেকে সন্দেহ হতে পারে যে, তিনি এটিকে তার “আলমুসতাদরাক” গ্রন্থে উল্লেখ করেছেন। অথচ এটি রয়েছে তার “তারীখ” গ্রন্থে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72881>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন